



কৃষি সমূহ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৮৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জনসংযোগ বিভাগ

www.badc.gov.bd



স্মারক নং-১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪.৫৬৯

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

সেচ সম্প্রসারণে বিএডিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে: বিএডিসি'র সেমিনারে মাননীয় কৃষিমন্ত্রী

আজ ২ ডিসেম্বর বৃহস্পতিবার ২০২১ তারিখ ঢাকার শেরে বাংলা নগরের মানিক মিয়া এভিনিউতে অবস্থিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সেচ ভবনস্থ অডিটরিয়ামে ‘ওয়েব বেইজড ইরিগেশন ইনফরমেশন সিস্টেম ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট অফ মাইনর ইরিগেশন’ শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। বিএডিসি'র উদ্যোগে আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। বিএডিসি'র চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জনাব এ এফ এম হায়াতুল্লাহ সেমিনারে সভাপতিত্ব করেন। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিইজিআইএস এর নির্বাহী পরিচালক জনাব মালিক ফিদা আব্দুল্লাহ খান।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেন, পানি কৃষি উৎপাদনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ। কৃষির উন্নয়ন করতে হলে পানি সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পরে সবুজ বিপ্লবের ডাক দিয়েছিলেন। বঙ্গবন্ধু সেচের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছিলেন। বীজ, সার ও সেচ সমন্বয় করে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে হবে। সেচের ইফিসিয়েশন লেভেল বাড়াতে হবে। সেচ ব্যবস্থাপনা এমনভাবে বিস্তৃত করতে হবে যাতে কৃষকরা লাভবান হয়। তিনি আরো বলেন, এ সেমিনারে উপস্থাপিত বিষয় অত্যন্ত তথ্যবহুল। এ তথ্যগুলো আগামীর কৃষিকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে কাজে লাগবে। সেচ সম্প্রসারণে বিএডিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিএডিসি'র সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ) প্রাকৌশলী জনাব মোঃ জিয়াউল হক। মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ এন্ড এনভায়রনমেন্টাল রিসার্চ এর উপদেষ্টা ড. আইনুন নিশাত ও ডিএই এর সাবেক মহাপরিচালক ও কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সদস্য কৃষিবিদ ড. মোঃ হামিদুর রহমান।

সেমিনার শেষে কৃষিমন্ত্রী একটি ওয়েবভিত্তিক সফটওয়্যারের উদ্ঘোষণ করেন। এ সফটওয়্যারে জরিপের মাধ্যমে সমগ্র দেশে ক্ষুদ্র সেচে ব্যবহৃত সেচ যন্ত্রের সংখ্যা, এর অবস্থান, মালিকানা, সেচ যন্ত্রের ক্ষমতা, সেচ যন্ত্রের জ্বালানির উৎস, বিদ্যুৎচালিত হলে সরবরাহকারী প্রতিষ্ঠান, সেচের পানির উৎস, সেচনালার প্রকৃত অবস্থা, ফসল ও মৌসুমভিত্তিক সেচকৃত জমির পরিমাণ, ফসল ও মৌসুমভিত্তিক সেচ খরচ, প্রতি সেট যন্ত্রের বিপরীতে উপকারভোগী কৃষক ও কৃষি শ্রমিকের সংখ্যা ইত্যাদিসহ ৬২ টি কলামে সংযুক্ত তথ্য সারণিবেশিত হয়।



স্বাক্ষরিত
(মোঃ জুলফিকার আলী)
জনসংযোগ কর্মকর্তা
বিএডিসি, ঢাকা
ফোন: ২২৩৩৫৭৬৮৫
ই-মেইল: pro@badc.gov.bd